

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭৫.১৯.৭৪

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৬

২০ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৫.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব ডা. মো: মাকছুদুর রহমান নোমান, পিতা: মৃত সাইদুর রহমান, গ্রাম: চান্দিপাশা আদর্শ পল্লী, থানা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী ডা. মো: মাকছুদুর রহমান নোমান ধুরুয়া ডি.এস দাখিল মাদরাসা, খামারগাঁও, নান্দাইল, ময়মনসিংহ এর ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়নক্রমে বহাল হওয়ার পর তার অনিয়ম এবং উদাসীনতার কারণে মাদরাসার একাডেমিক কার্যক্রম দুর্বল হয়ে পড়েছে মর্মে অভিযোগের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩১৭০/৮, তারিখ: ১২.১২.২০১৮ খ্রি: মূলে কমিটি ভেঙ্গে দেয়া হয়। এতে সংশ্লিষ্ট হয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর উক্ত স্মারক পত্রটিকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে ২ নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ মামলা বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ গত ০৫.০৩.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ জারী করেছেন:

“Pending hearing of the Rule, let the operation of the Memo No. বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩১৭০/৮ dated 12.12.2018 issued by the Registrar of Bangladesh Madrasa Education Board, Dhaka (Annexure-J), be stayed for a period of 06(six) months from date.”

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারীর প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০ মে ২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭৫.১৯.৭৪/১(৭)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৬
২০ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



২০-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)